



নিজস্ব লেখা “কবিতা/গল্প”
সংবাদপত্রে প্রকাশিত করতে -
৯০৬২৮৬৭৯২১

এই যুগ

EI YUG



এই যুগ এর নিজস্ব ওয়েবসাইট
eiyug.in থেকে ডাউনলোড
করুন “এই যুগ অ্যাপ”

আলিপুরদুয়ার জেলা পুলিশের
উদ্যোগে প্রকাশিত হলো দুর্গা
পূজা গাইড ম্যাপ, বিতরণ করা
হলো পূজা অনুদানের চেক

পতাকা উত্তোলনের মাধ্যমে
সশস্ত্র সীমা বলের পর্বতারোহণ
অভিযানের শুভ সূচনা হলো
রানীডাঙ্গা ক্যাম্পে



সুকুমার রঞ্জন সরকার, এই যুগ, আলিপুরদুয়ার, ১২ অক্টোবর : আলিপুরদুয়ার জেলা পুলিশের উদ্যোগে সোমবার প্রকাশিত হলো আসন্ন দুর্গা পূজার গাইড ম্যাপ, বিতরণ করা হয়েছে আসন্ন দুর্গা পূজা উপলক্ষ্যে পূজা কমিটি গুলোকে রাজ্য সরকারের দেওয়া অনুদানের এক লক্ষ টাকার চেক। আলিপুরদুয়ার পৌরসভার প্রেক্ষাগৃহে আয়োজিত এই কর্মসূচিতে উপস্থিত ছিলেন রাজ্যের শিক্ষামন্ত্রী দীপক বর্মণ, সাংসদ মনোজ টিগ্লা, আলিপুরদুয়ার এর বিধায়ক পরিতোষ দাস, জেলা পুলিশ সুপার অমিত কুমার সাউ সহ অন্যান্য বিশিষ্ট ব্যক্তিগণ। পুলিশ সূত্রে জানানো হয় সাধারণ মানুষের জন্য আসন্ন দুর্গা পূজা পরিক্রমকে নিরাপদ, সুষ্ঠু ও নির্বিঘ্ন করার লক্ষ্যে এই উদ্যোগ।

নিজস্ব সংবাদদাতা, এই যুগ, শিলিগুড়ি, ১২ অক্টোবর : সশস্ত্র সীমা বলের রানীডাঙ্গা ক্যাম্পে সোমবার পতাকা উত্তোলনের মাধ্যমে অনুষ্ঠিত হলো চতুর্থ পর্বতারোহণ অভিযান শিখর মাউন্ট ডোমেথাং (৭২৬৪ মিটার) এর শুভ সূচনা। এদিনের এই অনুষ্ঠানে উপস্থিত ছিলেন রাজ্যের পর্যটন ও সংসদ বিষয়ক মন্ত্রী ডঃ শঙ্কর ঘোষ ও উত্তরবঙ্গ উন্নয়ন মন্ত্রী নিশীথ প্রামাণিক সহ সশস্ত্র সীমা বলের আধিকারিকগণ। পর্যটন মন্ত্রী ডঃ শঙ্কর ঘোষ জানান সাহস, শৃঙ্খলা ও দেশপ্রেমের প্রতীক এই পর্বতারোহণ অভিযান। তিনি এই অভিযানের সাথে যুক্ত সকল সদস্যদের সাফল্য ও নিরাপদ যাত্রা কামনা করে শুভেচ্ছা জানান।



Contact No: 9836753661



Graphic Design and Print Work

Desing work : Newspaper , Magazine,
Book , Flex , Poster , Cartoon , Logo

Publishing work

Publishing work : Newspaper , Magazine , Book

EI YUG NEWSPAPER PUBLISHING HOUSE

ADDs: BANKRA DAKSHIN PALLY , HOWRAH-711403 , WEST BENGAL



সাউথ রায়ডাকের জঙ্গল থেকে লোকালয়ে চিতা , আতঙ্কে লোকনাথপুর



মলয় দেবনাথ , এই যুগ , আলিপুরদুয়ার , ১২ অক্টোবর : ফের লোকালয়ে চিতার হানা। সাউথ রায়ডাক রেঞ্জের জঙ্গল থেকে প্রতিনিয়ত চিতা বেরিয়ে আসছে বলে অভিযোগ। এবার আতঙ্ক ছড়াল শামুকতলা থানার লোকনাথপুর অমর পাড়া এলাকায়। রবিবার রাতে নমিতা ছেত্ৰী নেওয়ারের বাড়িতে শনিবার এবং রবিবার রাতে চিতা ঢুকে গবাদি পশু নিয়ে যায় তার গোয়াল ঘর থেকে। সোমবার সকালে তার গোয়াল ঘরে চিতার পায়ের ছাপ দেখার পরেই আতঙ্ক ছড়িয়েছে ওই পরিবারের মধ্যে। স্থানীয় সূত্রে খবর, গতকাল রবিবার রাতে হাতিপোতা থেকে ফেরার পথে ব্যবসায়ীরা শামুকতলা-হাতিপোতা রাজ্য সড়কের উপর চিতাটিকে পার হতে দেখেন। বেশ কিছুদিন ধরেই এলাকায় চিতার তাণ্ডব চলছে বলে জানাচ্ছেন বাসিন্দারা। এখনও পর্যন্ত ফনি দাসের দুটি ছাগল, সুদর্শন ছেত্ৰীর একটি ছাগল, নিখিল লাকরার একটি ছাগল-সহ একটি বাছুর, একটি শুয়োর ও একটি গরু চিতার হামলায় মারা গেছে বলে খবর। একের পর এক গবাদি পশু নিখোঁজ হওয়ায় আতঙ্কে রয়েছেন গ্রামবাসীরা। সন্ধ্যার পর বাড়ির বাইরে বেরোতে ভয় পাচ্ছেন অনেকেই। গ্রামবাসীদের অভিযোগ, বনদপ্তর অনেকদিন আগেই খাঁচা পেতেছে, কিন্তু এখনও চিতাটিকে ধরা সম্ভব হয়নি। দ্রুত খাঁচার সংখ্যা বাড়িয়ে চিতাটিকে উদ্ধার করে গভীর জঙ্গলে ছেড়ে দেওয়ার দাবি জানিয়েছেন এলাকার বাসিন্দারা। উল্লেখ্য লোকনাথপুর এলাকায় বনকর্মীদের নজরদারি অনেকটাই বাড়ানো হয়েছে এমনটাই জানা গেছে বনকর্তার কাছ থেকে।

মালদহ জেলা পুলিশ সুপারের নেতৃত্বে পূজা মন্ডপ পরিদর্শন



নিজস্ব সংবাদদাতা , এই যুগ , মালদহ , ১২ অক্টোবর : মালদহ জেলা পুলিশ সুপার অনুপম সিং এর নেতৃত্বে পুলিশ কর্মীদের একটি দল সোমবার মালদহ শহরের বিভিন্ন পূজা মন্ডপ পরিদর্শন করেন। জেলা পুলিশ সুপার জানান আসন্ন দুর্গা পূজা ২০২৬ কে নিরাপদ ও নির্বিঘ্ন করতে এই পরিদর্শন। এদিন শৃঙ্খলা, ভীড় নিয়ন্ত্রণ, ট্রাফিক ব্যবস্থাপনা প্রভৃতি বিষয় পর্যালোচনা করা হয়। পূজা প্যান্ডেলগুলি পরিদর্শন করে পুলিশ সুপার পূজা কমিটির সদস্যদের প্রয়োজনীয় নির্দেশ দেন। তিনি আরও জানান আসন্ন দুর্গোৎসব কে সকলের জন্য আনন্দমুখর ও নিরাপদ এবং নির্বিঘ্ন করার লক্ষ্যেই এই উদ্যোগ।

ফের হাতির হামলায় মৃত্যু এক ব্যক্তির ,বন দপ্তরের ভূমিকায় ক্ষোভে ফুঁসছেন বাসিন্দারা



সুকুমার রঞ্জন সরকার ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১২ অক্টোবর : হাতির হানায় ফের মৃত্যু হলো এক ব্যক্তির। আলিপুরদুয়ার জেলার মাদারীহাট বীরপাড়া ব্লকের দলমোড় চা বাগানের বাঁশবাড়ি লাইনে সোমবার সকাল আটটা নাগাদ কালু থাপা(৭০) নামে এক মূক ও বধির ব্যক্তি বাড়ির আবর্জনা ফেলতে বাইরে আসেন। সেই সময় তিনি হাতির সামনাসামনি হতেই হাতিটি শুঁড়ে জড়িয়ে ধরে আছাড় দিয়ে মেরে ফেলে বলে জানান স্থানীয় বাসিন্দারা। বন দপ্তরের ভূমিকায় ক্ষোভে ফুঁসছেন তারা। তাদের অভিযোগ দুদিন আগেও বীরপাড়ায় আরেকটি চা বাগানে হাতির হামলায় মৃত্যু হয় একজনের। গত সাত মাসে এলাকায় হাতির হানায় তিন জনের মৃত্যু ঘটেছে তার পরও বন দপ্তরের কর্মীদের এলাকায় টহল বা নজরদারি যথাযথ ভাবে হচ্ছেনা বলে অভিযোগ এলাকাবাসীর। খবর পেয়ে ঘটনাস্থলে পৌঁছান বন দপ্তরের কর্মীরা, তারা মৃতদেহ উদ্ধার করে ময়না তদন্তের জন্য পাঠান আলিপুরদুয়ার জেলা হাসপাতালে। তারা জানান মৃত ব্যক্তির পরিবারকে সরকারি নিয়ম অনুসারে ক্ষতিপূরণ দেওয়া হবে। পাশাপাশি এলাকাবাসীর অভিযোগের জবাবে বন কর্মীরা জানান তারা এলাকায় নিয়মিত টহল ও নজরদারি চালাচ্ছেন। কিন্তু কর্মীর অভাব থাকায় সব সময় এক এলাকায় নজরদারি চালানো সম্ভব হয়না। এলাকাবাসীর দাবী বন্যপ্রাণীর হামলা প্রতিহত করতে যথাযথ পদক্ষেপ গ্রহন করুক বন দপ্তর।



Contact No: 9836753661 

Graphic Design and Print Work

Desing work : Newspaper ,Magazine, Book ,Flex ,Poster ,Cartoon ,Logo

Publishing work

Publishing work : Newspaper ,Magazine, Book

EI YUG NEWSPAPER PUBLISHING HOUSE

ADDs: BANKRA DAKSHIN PALLY ,HOWRAH-711403 ,WEST BENGAL

শিলিগুড়ি জেলা হাসপাতালে রোগী কল্যাণ সমিতির বৈঠকে বিধায়ক তথা পয়টন মন্ত্রী ডঃ শঙ্কর ঘোষ



নিজস্ব সংবাদদাতা ,এই যুগ ,শিলিগুড়ি ,১২ অক্টোবর : শিলিগুড়ি জেলা হাসপাতালে রোগী কল্যাণ সমিতির বৈঠক করলেন বিধায়ক তথা পয়টন মন্ত্রী ডঃ শঙ্কর ঘোষ। উপস্থিত ছিলেন হাসপাতাল সুপার সহ অন্যান্য সদস্যগণ। পয়টন মন্ত্রী ডঃ শঙ্কর ঘোষ জানান এদিন বৈঠকে হাসপাতালের পরিষেবার মানোন্নয়ন ,রোগীদের সুবিধা বৃদ্ধি এবং স্বাস্থ্য পরিকাঠামোর উন্নয়ন সংক্রান্ত বিভিন্ন বিষয়ে গুরুত্বপূর্ণ আলোচনা হয়েছে। সাধারণ মানুষের কাছে উন্নত,সহজলভ্য ও মানসম্মত স্বাস্থ্য পরিষেবা পৌঁছে দেওয়াই রাজ্য সরকারের লক্ষ্য বলেও মন্তব্য করেন পয়টন মন্ত্রী ডঃ শঙ্কর ঘোষ।



Contact No: 9836753661 

Graphic Design and Print Work

Desing work : Newspaper ,Magazine,
Book ,Flex ,Poster ,Cartoon ,Logo

Publishing work

Publishing work : Newspaper ,Magazine, Book

EI YUG NEWSPAPER PUBLISHING HOUSE
ADDs: BANKRA DAKSHIN PALLY ,HOWRAH-711403 ,WEST BENGAL